

হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের সচিব শ্রী নিরঞ্জন দেবনাথ বিসিএস (প্রশাসন) ক্যাডারের একজন সদস্য এবং সরকারের যুগ্মসচিব। কৃষিতে সম্মানসহ স্নাতক ও জেনেটিকস ও প্লান্ট ব্রিডিং বিষয়ে স্নাতোকত্তর ডিগ্রিধারী এ কর্মকর্তা ১৯৯৪ সালের ২৫ এপ্রিল ১৩তম বিসিএস এর মাধ্যমে তার কর্মজীবন শুরু করেন। কর্মজীবনে তিনি সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), ১ম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট, উপজেলা নির্বাহী অফিসার, অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রথম সচিব হিসাবে মাঠ প্রশাসনে ২৪ (চব্বিশ) বছর কর্ম সম্পাদন করেছেন।

তিনি বিগত ০৩/০৫/২০১৮ তারিখে হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের সচিব হিসেবে কার্যভার গ্রহণ করেন। এ পদে যোগদানের পূর্বে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব হিসাবে দায়িত্ব পালন করেন।

তিনি সরকারি ও প্রশিক্ষণের কাজে সিঙ্গাপুর, থাইল্যান্ড, চীন, জাপান, জার্মান, অস্ট্রিয়া, চেক প্রজাতন্ত্র, স্লোভাক প্রজাতন্ত্র, মালয়েশিয়া ও সুইজারল্যান্ড ভ্রমণ করেছেন।

ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত। তার নিজ জেলা কুমিল্লা। তিনি দুজন কন্যা সন্তানের জনক।